

তানযীমুল মাদারিসিল কাওমিয়া আল আরাবিয়া

কওমী মাদরাসা শিক্ষা বোর্ড

বৃহত্তর ময়মনসিংহ ও তৎপার্শ্ববর্তী অঞ্চল।

কেন্দ্রীয় দফতর : আল জামিয়াতুল ইমদাদিয়া, কিশোরগঞ্জ।

তানযীমুল মাদারিসের ব্যবস্থাপনায় ৩য় ছাত্রী বৃত্তি পরীক্ষা সম্পর্কীয় নীতিমালা

গত ১৬/১১/২০২০ ইং তারিখে তানযীমের মজলিসে আমেলার সভায় প্রতি মাদরাসার মীযান ও হেদায়াতুন্ নাহব এ দু'জামাতের প্রতি জামাতে ৫ (পাঁচ) জন করে দুই জামাতে সর্বোচ্চ মেধাবী মোট ১০ (দশ) জন ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তানযীমের ব্যবস্থাপনায় পরীক্ষা গ্রহণ করার পূর্ব সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৯ ফেব্রুয়ারী/ ২০২৩ ইং রোজ রবিবার সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা এবং বিকাল ২ ঘটিকা হতে ৪-৩০ মিনিট পর্যন্ত বৃত্তি পরীক্ষা গৃহীত হবে।

তানযীমুল মাদারিসের অন্তর্ভুক্ত প্রতি মহিলা মাদরাসা হতে উপরোল্লিখিত ২ জামাতের বৃত্তি পরীক্ষার্থী ৫+৫=১০ জন পরীক্ষার্থীর তথ্য আগামী ২২/০১/২০২৩ ইং রোজ রবিবারের মধ্যে তানযীমের কেন্দ্রীয় দফতরে পৌঁছাতে হবে।

* পরীক্ষার্থীদের যাতায়াত খরচ ও খানা নিজ দায়িত্বে থাকবে। পরীক্ষার ফি মীযান জামাতে জনপ্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং হেদায়াতুন্ নাহব জামাতে জনপ্রতি ৩০০/- (তিনশত) টাকা জমা দিতে হবে।

* প্রতি বৃত্তি পরীক্ষার জোনের মোট পরীক্ষার্থীর ২০% পারসেন পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদেরকে যথাক্রমে ১২০০/-, ১০০০/- ও ৮০০/- টাকা এককালীন বৃত্তি ও সনদ প্রদান করা হবে। অবশিষ্টদেরকে জনপ্রতি ২০০/- টাকা করে সান্ত্বনা পুরস্কার প্রদান করা হবে। তবে কোন বিষয়ে ৬০ নম্বরের কম পেলে বৃত্তি বা সান্ত্বনা পুরস্কার লাভের যোগ্য বলে বিবেচিত হবে না।

* এ পুরস্কার প্রতি মহিলা পরীক্ষার জোনে স্বতন্ত্রভাবে প্রযোজ্য হবে।

* তথ্য ফরমে জোন ও কেন্দ্রের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

* বৃত্তি পরীক্ষায় বৃত্তি বা সান্ত্বনা পুরস্কার প্রাপ্ত পরীক্ষার্থীদেরকে নিজ নিজ মাদরাসায় ০১ (এক) বছরের ভর্তি ফি মওকুফ করার জন্য তানযীম কর্তৃক সুপারিশ করছে।

পরীক্ষার তারিখ : ১৯ ফেব্রুয়ারী/২০২৩ ইং রোজ রবিবার।

সময় : সকাল ৯ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা এবং বিকাল ২ ঘটিকা হতে ৪-৩০ মিনিট পর্যন্ত।

পরীক্ষার বিষয় : * মীযান জামাতের পরীক্ষার বিষয় : ছরফ ও আদব : ৩ - ২ - ১ (১) ميزان الصرف (২) باكورة الادب/الطريق الى العربية ج ২ - ৩

* হেদায়াতুন্ নাহব জামাতের পরীক্ষার বিষয় : নাহব ও আদব : ১ - ২/القراءة الراشدة (২) القصص ج ১ - ২

পরীক্ষার ফি (ছাত্র প্রতি) : * মীযান জামাত : ২৫০/- টাকা।

* হেদায়াতুন্ নাহব জামাত : ৩০০/- টাকা।

প্রশ্নপত্রের ধরণ : প্রতি জামাতে প্রত্যেক বিষয়ে ৩ টি প্রশ্ন থাকবে। তন্মধ্যে ৩ টি প্রশ্নেরই উত্তর দিতে হবে।

মান বন্টন : প্রতি জামাতে প্রত্যেক বিষয়ে মোট নম্বর ১০০, এর মধ্যে সুন্দর লেখা ও পরিচ্ছন্নতার জন্য ৪ নম্বর সংরক্ষিত।

* মাদরাসা কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীগণ মুহতামিম সাহেবের তাসদীকনামাসহ পরীক্ষার দিন কেন্দ্রে উপস্থিত হয়ে প্রবেশপত্র গ্রহণ করতে হবে।

* পরীক্ষার ফলাফল রমযানের ১ম সপ্তাহে প্রকাশ করা হবে, ইনশাআল্লাহ।

* গত ১৬/১১/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত মজলিসে আমেলার সভায় বৃত্তি পরীক্ষার্থী ছাত্রীদের তথ্যফরম ও প্রবেশপত্রে ছবি ব্যবহার না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

* নিচের রুটিন মোতাবেক পরীক্ষা গৃহীত হবে :

জামাত	সকাল - ০৯ - ১২ টা	বিকাল- ০২ - ৪-৩০ মিনিট
মুতাঃ ছালেছ (হেদায়াতুন্ নাহব)	هداية النحو	قصص النبیین ج ১ - ২/القراءة الراشدة
মুতাঃ আউয়াল (মীযান)	ميزان الصرف	باكورة الادب/الطريق الى العربية ج ২ - ৩

বিঃ দ্র : পরীক্ষা কেন্দ্রের মাদরাসার বোর্ডিং- এ টাকার বিনিময়ে খানা পাওয়া যাবে। এর জন্যে আগেই যোগাযোগ করতে হবে।

اعتراف مدير المدرسة

(মাওঃ ইমদাদুল্লাহ)

নায়েমে ইমতেহান, তানযীমুল মাদারিস।